

Sura 2, The Heifer (Al-Baqarah)

সুরা ২, বকনা বাছুর (আল্-বাক্বারাহ্)

[2:0] In the name of God, Most Gracious, Most Merciful

[২:০] পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহ্‌র নামে

[2:1] A.L.M. *

[২:১] আ, ল, ম, *

**2:1 These initials remained a divinely guarded secret for 1400 years. Now we recognize them as a major component of the Quran's mathematical miracle (see Appendices 1, 2, 24, and 26). The meaning of A.L.M. is pointed out in Verse 2: "This scripture is infallible." This is incontrovertibly proven by the fact that the frequencies of occurrence of these three initials in this sura are 4502, 3202, and 2195, respectively. The sum of these numbers is 9899, or 19x521. Thus, these most frequent letters of the Arabic language are mathematically placed according to a super-human pattern. These same initials also prefix Suras 3, 29, 30, 31, and 32, and their frequencies of occurrence add up to multiples of 19 in each one of these suras.*

**২:১ এই আদ্যক্ষরগুলি ১৪০০ বছরের জন্য এক ঐশ্বরিকভাবে পাহারারত রহস্য হয়েছিল। এখন আমরা এগুলিকে কোরআনের গাণিতিক অলৌকিকতার প্রধান উপাদান হিসাবে জানতে পেরেছি (পরিশিষ্ট ১, ২, ২৪, এবং ২৬ দেখুন)। দ্বিতীয় আয়াতটি আ, ল, ম এর অর্থ স্পষ্ট করে জানায়: "এই ধর্মগ্রন্থটি ভুলভ্রান্তির উর্ধ্বে।" এটি নিঃসংশয়ে প্রমানিত যে এই সূরাতে এই তিনটি আদ্যক্ষরের পুনরাবৃত্তি র হার হচ্ছে যথাক্রমে ৪৫০২, ৩২০২, এবং ২১৯৫। এদের যোগফল হচ্ছে ৯৮৯৯, বা ১৯x৫২১। এভাবে, এই সর্বাধিক ঘন ঘন ব্যবহারিত অক্ষরগুলি গনিত শাস্ত্র দ্বারা বসানো হয়েছে যা এক অতিমানবীয় পরিকল্পনা। এই একই আদ্যক্ষরগুলি সূরা ৩, ২৯, ৩০, ৩১, এবং ৩২ এও পাওয়া যায়, এবং প্রত্যেক সূরাতে এই আদ্যক্ষরগুলির সংঘটনের হারও ১৯ দ্বারা বিভাজ্য।*

[2:2] This scripture is infallible; a beacon for the righteous;

[২:২] এই ধর্মগ্রন্থটি ভুলভ্রান্তির উর্ধ্বে; সৎপথাবলম্বীদের জন্য এক পথপ্রদর্শক;

Three Categories of People (1) The Righteous

তিন ধরনের লোকঃ (১) সৎপথাবলম্বীগণ

[2:3] who believe in the unseen, observe the Contact Prayers (Salat),* and from our** provisions to them, they give to charity.

[২:৩] যারা অদেখায় বিশ্বাস করে, সংযোগ প্রার্থনার (সালাতের)* প্রতি লক্ষ্য রাখে, এবং তাদের কাছে আমাদের** দেয়া জীবিকা থেকে তারা দান করে।

**2:3 Since the Contact Prayers are decreed five times a day, they constitute the prime source of nourishment for our souls. Along with all other practices in Submission, the Contact Prayers were originally revealed through Abraham (21:73, 22:78). Although these five daily prayers were practiced before the revelation of the Quran, each Contact Prayer is specifically mentioned in the Quran (24:58, 11:114, 17:78, & 2:238). Appendices 1 & 15 provide physical evidence supporting ALL the details of the Contact Prayers, including the number of units (Rak'aas) and the numbers of bowings, prostrations, and Tashahhuds in each prayer.*

**২:৩ যেহেতু সংযোগ প্রার্থনার (সালাতের) অধ্যাদেশ দিনে পাঁচবার জারি করা হয়েছে , এতে রয়েছে আমাদের আত্মার জন্য পুষ্টির প্রধান উৎস। আত্মসমর্পণের অন্যান্য আচার - অনুষ্ঠানের মতই, সংযোগ প্রার্থনা (সালাত) ইব্রাহীমের মাধ্যমে প্রকাশ পেয়েছে (২১:৭৩, ২২:৭৮)। যদিও এই প্রচলিত দৈনিক পাঁচ বেলা প্রার্থনার চর্চা কোর'আন অবতীর্ণ হওয়ার আগে থেকেই ছিল, তারপরেও এসব সংযোগ প্রার্থনার সম্পর্কে কোর'আনে বলা আছে (২৪:৫৮, ১১:১১৪, ১৭:৭৮, ২:২৩৮)। পরিশিষ্ট ১ & ১৫ তে রয়েছে বাস্তবিক প্রমাণ যা সংযোগ প্রার্থনার (সালাতের) প্রত্যেক বিশদ বিবরণকে সমর্থন করে, এমনকি প্রত্যেক নামাজের কয় রাকাত, কতবার রুকু করতে হবে, সেজদা করতে হবে, বসতে হবে, এসবের বাস্তবিক প্রমাণও রয়েছে।*

***2:3 When God uses the plural tense, this indicates that other entities, usually the angels, are involved. When God spoke to Moses, the singular form was used (20:12-14). See Appendix 10.*

***২:৩ যখন আল্লাহ্ বহুবচন ব্যবহার করেন, তাতে অন্যান্য অস্তিত্বের কথা বুঝায়, সাধারণত ফেরেশতাদের কথা বুঝায়, তারাও জড়িত। যখন আল্লাহ্ মুসার সাথে কথা বলেছিলেন, তিনি এককভাবে বলেছিলেন (২০:১২-১৪)। পরিশিষ্ট ১০ দেখুন।*

[2:4] And they believe in what was revealed to you, and in what was revealed before you,* and with regard to the Hereafter, they are absolutely certain.

[২:৪] আর তারা বিশ্বাস আনে যা তোমার নিকট প্রকাশ হয়েছে এবং যা তোমার পূর্বে অবতীর্ণ হয়েছিল তাতে,* আর পরকাল সম্পর্কে, তারা একেবারে নিশ্চিত।

**2:4 Despite severe distortions that afflicted the previous scriptures, God's truth can still be found in them. Both the Old Testament and the New Testatment still advocate absolute devotion to God ALONE (Deuteronomy 6:4-5, Mark 12:29-30). All distortions are easily detectable.*

**২:৪ পূর্ববর্তী গ্রন্থসমূহের মারাত্মক বিকৃতির পরও , আল্লাহ্ সত্য তবুও সেগুলিতে পাওয়া যায়। উভয় ওল্ড টেস্টামেন্ট এবং নিউ টেস্টামেন্ট এরপরেও একান্তভাবে একমাত্র আল্লাহ্ প্রতি অনুরক্ত হতে আহ্বান করে (ডুট্রোনোমী [দ্বিতীয় বিবরণ] ৬:৪-৫, মার্ক [মার্কলিখিত সুসমাচার] ১২:২৯-৩০)। যতসব বিকৃতি তাতে রয়েছে তা সহজেই ধরা যায়।*

[2:5] These are guided by their Lord; these are the winners.

[২:৫] এদেরকে তাদের পালনকর্তা সুপথগামী করেছেন , এরাই বিজয়ী।

(2) The Disbelievers

(২) অবিশ্বাসীগণ

[2:6] As for those who disbelieve, it is the same for them; whether you warn them, or not warn them, they cannot believe.*

[২:৬] আর যারা অবিশ্বাস করে, তুমি তাদের সতর্ক কর বা সতর্ক না কর, সবই তাদের জন্য সমান, তারা বিশ্বাস স্থাপন করতে পারবে না।*

[2:7] GOD seals their minds and their hearing, and their eyes are veiled. They have incurred severe retribution.

[২:৭] আল্লাহ তাদের মানসিক (চিন্তা-চেতনার) শক্তি এবং তাদের শ্রবণশক্তি বন্ধ করে দেন, আর তাদের চোখে পড়ে আছে পর্দা। বস্তুত তারা তাদের উপর কঠোর উচিত শাস্তি ডেকে এনেছে।

**2:6-7 Those who make a decision to reject God are helped in that direction; they are prevented by God from seeing any proof or guidance for as long as they maintain such a decision. The consequences of such a disastrous decision are spelled out in Verse 7.*

**২:৬-৭ যারা আল্লাহকে প্রত্যাখ্যান করার সিদ্ধান্ত নিয়েছে, তাদেরকে সেই পথে চলার জন্য সাহায্য করা হয়; আল্লাহই তাদেরকে তাঁর প্রমাণাবলী দেখা থেকে বা পথনির্দেশনা পাওয়া থেকে বঞ্চিত রাখেন যতক্ষণ পর্যন্ত তারা তাদের এ রকম চিন্তা-ভাবনায় অটল থাকে। আর এমন দুর্ভাগ্যজনক সিদ্ধান্তের পরিণাম ৭ নং আয়াতে স্পষ্ট করে ভেঙ্গে বলা হয়েছে।*

(3) The Hypocrites

(৩) ভণ্ডের দল

[2:8] Then there are those who say, "We believe in GOD and the Last Day," while they are not believers.

[২:৮] তারপর আবার এমনও কিছু মানুষ আছে যারা বলে ঠিকই যে, "আমরা আল্লাহ ও শেষ দিনে বিশ্বাস করি", যখন নাকি তারা বিশ্বাসী না।

[2:9] In trying to deceive GOD and those who believe, they only deceive themselves without perceiving.

[২:৯] এই প্রকৃতি আল্লাহ এবং যারা বিশ্বাস এনেছে তাদের সাথে প্রতারণা করার প্রচেষ্টায় তারা না বুঝে কেবল নিজেদের সাথেই প্রতারণা করে যায়।

[2:10] In their minds there is a disease. Consequently, GOD augments their disease. They have incurred a painful retribution for their lying.

[২:১০] তাদের মন-মানসিকতাতে আছে এক রোগ। ফলে, আল্লাহ তাদের রোগকে আরো বাড়িয়ে দেন। তাদের মিথ্যাচারের জন্য তারা নিজেদের উপর টেনে এনেছে এক যন্ত্রণাদায়ক শাস্তি।

[2:11] When they are told, "Do not commit evil," they say, "But we are righteous!"

[২:১১] যখন তাদের বলা হয়, "মন্দ কাজ করো না," তারা বলে, "কিন্তু আমরা তো সৎপথাবলম্বী!"

[2:12] In fact, they are evildoers, but they do not perceive.

[২:১২] আসলে, তারা দুষ্টিকারী, কিন্তু তারা তা বুঝে না।

[2:13] When they are told, "Believe like the people who believed," they say, "Shall we believe like the fools who believed?" In fact, it is they who are fools, but they do not know.

[২:১৩] যখন তাদের বলা হয় "বিশ্বাস স্থাপন কর যেভাবে লোকজন বিশ্বাস স্থাপন করেছে," তারা বলে, "আমরা কি বিশ্বাস করব যেভাবে নির্বোধ লোকেরা বিশ্বাস করেছে?" বাস্তবিকপক্ষে, এরাই হল সেই নির্বোধ, অথচ এরা তা জানে না।

[2:14] When they meet the believers, they say, "We believe," but when alone with their devils, they say, "We are with you; we were only mocking."

[২:১৪] যখন তাদের সাথে বিশ্বাসীদের দেখা হয়, তারা বলে, "আমরা বিশ্বাস করি," কিন্তু যখন নিরিবিলিতে তারা তাদের শয়তানদের সঙ্গে হয়, তারা বলে, "আমরা তো তোমাদের সাথে আছি, ওদেরকে নিয়ে তো কেবল বিদ্রুপ করছিলাম।"

[2:15] GOD mocks them, and leads them on in their transgressions, blundering.

[২:১৫] আল্লাহ্‌ও তাদের বিদ্রুপ করেন এবং তাদেরকে চালিত করেন তাদের সীমালঙ্ঘনে, চলতে থাকে তারা অন্ধের মত গুরুতর ভুল করে করে।

[2:16] It is they who bought the straying, at the expense of guidance. Such trade never prospers, nor do they receive any guidance.

[২:১৬] এরা তারাই যারা সঠিক পথনির্দেশের মূল্যে ভুলপথ কিনেছে। এমন বানি জ্য কখনও উন্নতি করে না, আর না তারা কোন সঠিক পথনির্দেশ পায়।

[2:17] Their example is like those who start a fire, then, as it begins to shed light around them, GOD takes away their light, leaving them in darkness, unable to see.

[২:১৭] তাদের দৃষ্টান্ত হচ্ছে ওদের মত, যারা আগুন জ্বালায়, তারপর যেমনি তাদের চারপাশ আলোকিত হওয়া শুরু করে, আল্লাহ্‌ তাদের আলো কেড়ে নেন, আর রেখে দেন তাদেরকে আঁধারের মাঝে, তারা কিছুই দেখতে পায় না।

[2:18] Deaf, dumb, and blind; they fail to return.

[২:১৮] বধির, বোবা, এবং অন্ধ; তারা ফিরতে হয় ব্যর্থ।

[2:19] Another example: a rainstorm from the sky in which there is darkness, thunder, and lightning. They put their fingers in their ears, to evade death. GOD is fully aware of the disbelievers.

[২:১৯] আরেকটি উদাহরণঃ আকাশ থেকে আসা কোনো এক ঝড় বৃষ্টি , যাতে আছে ঘোর অন্ধকার, বজ্রপাত ও বিদ্যুৎ এর ঝলকানি। মৃত্যুকে কৌশলে এড়াতে গিয়ে তারা নিজেদের কানে তাদের আঙ্গুল গুজে দেয়। আল্লাহ্ অবিশ্বাসীদের সম্পর্কে সম্পূর্ণরূপে জানেন।

The Light of Faith
ধর্মবিশ্বাসের আলো

[2:20] The lightning almost snatches away their eyesight. When it lights for them, they move forward, and when it turns dark, they stand still. If GOD wills, He* can take away their hearing and their eyesight. GOD is Omnipotent.

[২:২০] বিদ্যুতের চমক তাদের দৃষ্টিশক্তিকে প্রায় ছিনিয়ে নেয়। যখন এটি আলো দে য়, তখন তারা কিছুদূর অগ্রসরও হয়, আর যখন অন্ধকার হয়ে যায়, তারা অচল হয়ে দাঁড়িয়ে পড়ে। যদি আল্লাহ্ চান, তিনি* তাদের শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি কেড়ে নিতে পারেন। আল্লাহ্ হচ্ছেন সর্বশক্তিমান।

**2:20 "He" and "she" do not necessarily imply natural gender in Arabic (Appendix 4).*

**২:২০ আরবীতে সর্বনাম সবসময় লিঙ্গচিহ্ন বুঝায় না (পরিশিষ্ট ৪ দেখুন)।*

[2:21] O people, worship only your Lord—the One who created you and those before you—that you may be saved.

[২:২১] হে মানুষ, কেবল তোমাদের পালনকর্তার আরাধনা কর -যিনি তোমাদেরকে, এবং তোমাদের পূর্ববর্তীদেরকে সৃষ্টি করেছেন - যাতে তোমরা রক্ষা পেতে পার।

[2:22] The One who made the earth habitable for you, and the sky a structure. He sends down from the sky water, to produce all kinds of fruits for your sustenance. You shall not set up idols to rival GOD, now that you know.

[২:২২] তিনিই যিনি তোমাদের জন্য করেছেন পৃথিবীকে বাসযোগ্য , আর আকাশকে এক সৌধ। তিনি আকাশ থেকে পানি বর্ষণ, যেন তা দিয়ে তোমাদের জীবন রক্ষার জন্য সব ধরনের ফলমূল উৎপাদিত হতে পায়। এখন আর তোমরা আল্লাহ্‌র সাথে প্রতিদ্বন্দ্বীতায় ভক্তির কোনো পাত্রদের দাঁড় করাবে না, এখন যে তোমরা জানো।

Mathematical Challenge

গাণিতিক চ্যালেঞ্জ

[2:23] If you have any doubt regarding what we revealed to our servant,* then produce one sura like these, and call upon your own witnesses against GOD, if you are truthful.

[২:২৩] যদি তোমাদের কোন সন্দেহ থাকে এই সম্বন্ধে যা আমরা আমাদের বান্দার কাছে প্রকাশ করেছি,* তাহলে এগুলির মত একটি সুরা বানিয়ে আনো, আর আল্লাহর বিরুদ্ধে তোমাদের আপন সাক্ষীদের ডাকো, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।

Allegorical Description of Hell

নরকের রূপক বিবরণ

[2:24] If you cannot do this—and you can never do this—then beware of the Hellfire, whose fuel is people and rocks; it awaits the disbelievers.

[২:২৪] আর যদি তোমরা তা না করতে পার -আর অবশ্যই তোমরা তা কখনও করতে পারবে না- তাহলে নরকের আগুন হতে সতর্ক হয়ে যাও, যার জ্বালানী হচ্ছে মানুষ আর পাথর; এটি অবিশ্বাসীদের অপেক্ষায় পড়ে আছে।

**2:23-24 The Quran's miraculous mathematical code provides numerous proofs as it spells out the name "Rashad Khalifa" as God's servant mentioned here. Some literary giants, including Al-Mutanabby and Taha Hussein, have answered the literary challenge, but they had no awareness of the Quran's mathematical composition. It is the Quran's mathematical code, revealed through God's Messenger of the Covenant, Rashad Khalifa, that is the real challenge—for it can never be imitated. See Appendices 1, 2, 24, & 26 for the detailed proofs.*

**২:২৩-২৪ কোর'আনের অতিলৌকিক গাণিতিক সঙ্কেত এমন বহু সংখ্যক গাণিতিক প্রমাণ সামনে রাখে যেখানে "রাশাদ খালিফা" নামটি বানান করে দেয় যাকে আল্লাহর বান্দা হিসেবে এখানে বলা হচ্ছে। কয়েকজন সাহিত্যিক গুরু, যেমন আল-মুতানাব্বি, এবং তাহা হোসেন, এই চ্যালেঞ্জের জবাব দিয়ে ছিলেন, কিন্তু তারা কোর'আনের গাণিতিক গঠন সম্পর্কে ছিল একেবারে অচেতন। এটি কোর'আনে গাণিতিক সঙ্কেত, যা আল্লাহর অঙ্গিকারকৃত রাসূল "রাশাদ খালিফার" নিকট প্রকাশ হয়েছে, তা হচ্ছে প্রকৃত চ্যালেঞ্জ - কেননা এটি কখনও নকল করা যাবে না। বিস্তারিত প্রমাণাবলীর জন্য পরিশিষ্ট ১, ২, ২৪ & ২৬ দেখুন।*

Allegorical Description of Paradise

স্বর্গের রূপক বিবরণ

[2:25] Give good news to those who believe and lead a righteous life that they will have gardens with flowing streams. When provided with a provision of fruits therein, they will say, "This is what was provided for us previously." Thus, they are given allegorical descriptions. They will have pure spouses therein, and they abide therein forever.

[২:২৫] তাদের সুসংবাদ দাও যারা বিশ্বাস স্থাপন করে এবং এক সৎপথাবলম্বী জীবন যাপন করে যে তাদের জন্য থাকবে এমন বাগান যাতে প্রবাহিত হয় অবারিত জলশ্রোত। তাদেরকে যখন সেখানে ফলফসলের জীবিকা দেওয়া হবে, তারা বলবে, "এটিই তো যা আমাদেরকে ইতপূর্বে দেওয়া হয়েছিল।" আর এভাবে, তাদের কাছে রূপক বর্ণনা করা হচ্ছে। সেখানে তাদের জন্য থাকবে নির্মল স্বামী/স্ত্রী, আর সেখানে তারা থাকবে চিরকাল।

[2:26] GOD does not shy away from citing any kind of allegory,* from the tiny mosquito and greater. As for those who believe, they know that it is the truth from their Lord. As for those who disbelieve, they say, "What did GOD mean by such an allegory?" He misleads many thereby, and guides many thereby. But He never misleads thereby except the wicked,

[২:২৬] আল্লাহ্ কোন প্রকারের উপমা দিতে ইতস্ততা করেন না,* তুচ্ছ মশা থেকে শুরু করে যত বড় হোক না কেন। যদুর তাদের কথা যারা বিশ্বাস করে, তারা জানে যে এটিই তাদের পালনকর্তার পক্ষ থেকে আসা সত্য। আর যারা অবিশ্বাস করে, তারা বলে, "এমন উপমা দ্বারা আল্লাহ্ কিবা বুঝাতে চাইলেন?" তিনি এর দ্বারা অনেককে ভুল পথে ফেলেন, এবং অনেককে এর দ্বারা সঠিক পথ দেখান। কিন্তু তিনি কখনও এর দ্বারা দুষ্টলোকদের ছাড়া অন্য কাউকে ভুল পথ দেখান না,...

**2:26 See Appendix 5 for further discussion of Heaven and Hell.*

**২:২৬ স্বর্গ এবং নরকের অতিরিক্ত আলোচনার জন্য পরিশিষ্ট ৫ দেখুন।*

[2:27] who violate GOD's covenant after pledging to uphold it, sever what GOD has commanded to be joined, and commit evil. These are the losers.

[২:২৭] ...যারা আল্লাহ্র সাথে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ হওয়ার পর তা লঙ্ঘন করে , এবং যা আল্লাহ্ যুক্ত করার নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে, আর অসৎ কাজ করে বেড়ায়। তাহাই পরাজিত।

*Two Deaths and Two Lives for the Disbelievers**

*অবিশ্বাসীদের জন্য দুই মৃত্যু আর দুই জীবন**

[2:28] How can you disbelieve in GOD when you were dead and He gave you life, then He puts you to death, then He brings you back to life, then to Him you ultimately return?

[২:২৮] কি করে তোমরা আল্লাহকে অবিশ্বাস কর যখন তোমরা ছিলে নিশ্চাণ আর তিনি তোমাদেরকে প্রাণদান করলেন, এরপর তিনি তোমাদের মৃত্যু ঘটান, তারপর তিনি তোমাদের পুনরায় জীবনদান করেন, অবশেষে তাঁর কাছে তোমরা ফিরে যাও?

**2:28 The righteous do not really die; they go straight to Heaven. When their interim on this earth comes to an end, the angels of death simply invite them to go to the same Paradise where Adam and Eve once lived (2:154, 3:169, 8:24, 22:58, 16:32, 36:20-27, 44:56, 89:27-30). Thus, while the righteous experience only the first death following our original sin, the unrighteous go through two deaths (40:11). At the time of death, the disbelievers know their miserable fate (8:50, 47:27), then they suffer a continuous nightmare that lasts until Hell is created (40:46, 89:23, Appendix 17).*

**২:২৮ সৎপথাবলম্বীরা আসলে মারা যায় না; তারা সরাসরি স্বর্গে চলে যায়। যখন তাদের পৃথিবীর অন্তর্বর্তীকাল শেষ হতে আসে, তখন ফেরেশতারা তাদেরকে সেই স্বর্গে আহ্বান করে যেখানে কখনও আদম ও হাওয়া বাস করতেন (২:১৫৪, ৩:১৬৯, ৮:২৪, ২২:৫৮, ১৬:৩২, ৩৬:২০-২৭, ৪৪:৫৬, ৮৯:২৭-৩০)। এভাবে, ন্যায়নিষ্ঠরা একমাত্র প্রথম মৃত্যুকে অনুভব করে যা আমরা আমাদের আদি পাপের পরে অনুভব করেছি, আর অসৎদের মৃত্যু দুইবার হয় (৪০:১১)। অবিশ্বাসীরা মৃত্যুর সময়ই তাদের শোচনীয় নিয়তি সম্পর্কে জানে (৮:৫০, ৪৭:২৭), তারা নরক সৃষ্টির আগ পর্যন্ত ভয়ানক দুঃস্বপ্নের যন্ত্রণা ভোগ করতে থাকে ধারাবাহিকভাবে (৪০:৪৬, ৮৯:২৩, পরিশিষ্ট ১৭)।*

[2:29] He is the One who created for you everything on earth, then turned to the sky and perfected seven universes therein,* and He is fully aware of all things.

[২:২৯] তিনিই যিনি তোমাদের জন্য পৃথিবীর সবকিছু কে সৃষ্টি করেছেন, তারপর আকাশের দিকে চাইলেন আর তাতে সাতটি ব্রহ্মাণ্ড নিখুঁত করে গড়ে তুললেন, * আর তিনি সব বিষয় সম্পর্কে সম্পূর্ণরূপে জানেন।

**2:29 Our universe with its billion galaxies, spanning distances of billions of light years, is the smallest and innermost of seven universes (Appendix 6). Please look up 41:10-11.*

**২:২৯ আমাদের বিশ্বব্রহ্মাণ্ড এবং এর এক লক্ষ কোটি ছায়াপথ, যা ছড়িয়ে আছে লক্ষ কোটি কোটি আলোকবর্ষের সীমানা নিয়ে, এটি হচ্ছে সাত বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে অন্তরম এবং সবচেয়ে ছোট (পরিশিষ্ট ৬)। দয়া করে দেখে নিন ৪১:১০-১১।*

*Satan: A Temporary "god"**
*শয়তানঃ এক অস্থায়ী "দেবতা"**

[2:30] Recall that your Lord said to the angels, "I am placing a representative (a temporary god) on Earth." They said, "Will You place therein one who will spread evil therein and shed blood, while we sing Your praises, glorify You, and uphold Your absolute authority?" He said, "I know what you do not know."

[২:৩০] স্মরণ কর যে, তোমার পালনকর্তা ফেরেশতাদের বললেন, "আমি পৃথিবীতে একজন প্রতিনিধি (এক ক্ষণস্থায়ী দেবতা) নিয়োগ করছি।" তারা বলল, "আপনি কি সেখানে এমন কাউকে নিয়োগ করবেন যে পাপাচার ছড়াবে ও রক্তপাত করবে, যখন কিনা আমরা আপনার তরে মহিমাগান করি, আপনার প্রশংসাবাদ নিবেদন করি, আর আপনার নিঃশর্ত প্রভুত্ব স্বীকার করি?" তিনি বললেন, "আমি যা জানি তোমরা তা জান না।"

**2:30-37 These verses answer such crucial questions as: "Why are we here?" (See Appendix 7).*

**২:৩০-৩৭ এসব আয়াতে রয়েছে এমন সব গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর, যেমনঃ "আমরা এখানে কেন?" (পেরিশিষ্ট ৭ দেখুন)।*

The Test Begins
পরীক্ষা আরম্ভ

[2:31] He taught Adam all the names* then presented them to the angels, saying, "Give Me the names of these, if you are right."

[২:৩১] তিনি আদমকে যাবতীয় নাম* শেখালেন, তারপর সেগুলিকে ফেরেশতাদের সামনে রাখলেন, এই বলে যে, "এসবের নাম আমাকে বল, যদি তোমরা সঠিক হয়ে থাক।"

**2:31 These are the names of the animals, the automobile, the submarine, the space satellite, the VCR, and all other objects to be encountered by the human beings on Earth.*

**২:৩১ এসব হচ্ছে পশুপাখিদের নাম, যানবাহনের নাম, ডুবোজাহাজের নাম, কৃত্রিম গ্রহের নাম, ভি.সি.আরের নাম, এবং প্রত্যেক জিনিসপত্র যার সাথে মানুষ ৪ জাতি পৃথিবীতে সম্মুখীন হওয়ার আছে।*

[2:32] They said, "Be You glorified, we have no knowledge, except that which You have taught us. You are the Omniscient, Most Wise."

[২:৩২] তারা বলল, "আপনি মহিমান্বিত, আমরা তো শুধু ততটুকুর জ্ঞান রাখি যতটুকু আপনি আমাদের শিখিয়েছেন। আপনিই সর্বজ্ঞ, পরম জ্ঞানী।"

[2:33] He said, "O Adam, tell them their names." When he told them their names, He said, "Did I not tell you that I know the secrets of the heavens and the earth? I know what you declare, and what you conceal."

[২:৩৩] তিনি বললেন, "হে আদম, এসবের নাম তাদেরকে বলে দাও।" আর যখন সে ওগুলির নাম বলে দিল, তিনি বললেন: "আমি কি বলিনি যে, আমি মহাকাশ ও পৃথিবীর গুপ্ত বিষয়াবলী জানি? আমি জানি যা তোমরা প্রকাশ কর, আর যা তোমরা গোপন কর।"

[2:34] When we said to the angels, "Fall prostrate before Adam," they fell prostrate, except Satan; he refused, was too arrogant, and a disbeliever.

[২:৩৪] যখন আমরা ফেরেশতাদের বললাম, "আদমের সামনে (সেজদায়) অধোমুখে পড় , " তারা অধোমুখে পড়ল কেবল শয়তান ছাড়া ; সে অমান্য করল, অহংকারে খুব উদ্ধত ছিল , আর ছিল এক অবিশ্বাসী।

[2:35] We said, "O Adam, live with your wife in Paradise, and eat therefrom generously, as you please, but do not approach this tree, lest you sin."

[২:৩৫] আমরা বললাম "হে আদম, তোমার স্ত্রীর সাথে স্বর্গে বসবাস কর, আর সেখানে তৃপ্তি সহকারে যা ভাল লাগে খাও, কিন্তু এই গাছের নিকটে যেও না, অন্যথা তোমাদের পাপ হবে।"

[2:36] But the devil duped them, and caused their eviction therefrom. We said, "Go down as enemies of one another. On Earth shall be your habitation and provision for awhile."

[২:৩৬] কিন্তু শয়তান তাদেরকে সহজেই প্রতারিত করল, আর সেখান থেকে তাদের বের হয়ে যাবার কারণ হয়ে দাঁড়ালো। আমরা বললাম, "তোমরা একে অপরের শত্রুরূপে নেমে যাও। তোমাদের জন্য পৃথিবীতে থাকবে কিছু সময়ের বাসস্থান ও জীবিকার ব্যবস্থা।"

*Specific Words**

*সুনির্দিষ্ট কিছু কথা**

[2:37] Then, Adam received from his Lord words, whereby He redeemed him. He is the Redeemer, Most Merciful.

[২:৩৭] তখন, আদম তার পালনকর্তা থেকে কিছু বাণী গ্রহন করল , যার দ্বারা তিনি তাকে উদ্ধার করলেন। তিনিই উদ্ধারকর্তা, পরম দয়ালু।

**2:37 Similarly, God has given us specific, mathematically coded words, the words of Sura 1, to establish contact with Him (see Footnote 1:1 and Appendix 15).*

**২:৩৭ ঠিক এই ভাবে, আল্লাহ আমাদেরকে কিছু সুনির্দিষ্ট, গাণিতিকভাবে কোডেদ শব্দগুচ্ছ দিয়েছেন, তা হচ্ছে সুরা ১ এর শব্দসমূহ, যা দিয়ে তাঁর সাথে যোগাযোগ প্রতিষ্ঠা করা যায় (১:১ এর পাদটীকা ও পরিশিষ্ট ১৫ দেখুন)।*

[2:38] We said, "Go down therefrom, all of you. When guidance comes to you from Me, those who follow My guidance will have no fear, nor will they grieve.

[২:৩৮] আমরা বললাম, "তোমরা সবাই ওখান থেকে নেমে যাও। যখন আমার পক্ষ থেকে তোমাদের কাছে পথনির্দেশনা আসে, তখন যারা আমার পথনির্দেশন অনুসরণ করে, তাদের জন্য কোন ভয় থাকবে না, আর না তারা কোনো দুঃখ করবে।..."

[2:39] "As for those who disbelieve and reject our revelations, they will be dwellers of Hell, wherein they abide forever."

[২:৩৯] ... আর যারা অবিশ্বাস করে এবং আমাদের প্রকাশণাবলীকে প্রত্যাখ্যান করে, তারা হবে নরকের বাসিন্দা, যেখানে তারা থাকে চিরকাল।"

Divine Commandments to All Jews: "You Shall Believe in This Quran."

সকল ইহুদীদের কাছে ঐশ্বরিক আদেশাবলী: "তোমরা এই কোর'আনে বিশ্বাস স্থাপন করবে।"

[2:40] O Children of Israel, remember My favor, which I bestowed upon you, and fulfill your part of the covenant, that I fulfill My part of the covenant, and reverence Me.

[২:৪০] হে ইজরেলের বংশধরগণ, আমার পরম অনুগ্রহ স্মরণ কর যা আমি তোমাদের প্রতি করেছি, এবং আমার সাথে করা তোমাদের অঙ্গীকার সম্পূর্ণ কর, আমিও যেন তোমাদের সাথে অঙ্গীকার সম্পূর্ণ করি, আর আমার ভক্তিশ্রদ্ধা কর।

[2:41] You shall believe in what I have revealed herein, confirming what you have; do not be the first to reject it. Do not trade away My revelations for a cheap price, and observe Me.

[২:৪১] তোমরা তাতে বিশ্বাস আনবে যা আমি এখানে প্রকাশ করেছি, তোমাদের কাছে যা আছে এ তার সমর্থন করছে; দেখ, তোমরাই এর প্রথম অস্বীকারকারী হয়ো না। আমার প্রকাশনাবলীকে সামান্য মূল্যের বিনিময় কর না, আর মূলত আমাকে লক্ষ্য কর।

[2:42] Do not confound the truth with falsehood, nor shall you conceal the truth, knowingly.

[২:৪২] সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত করবে না, আর জেনে শুনে সত্য গোপন করবে না।

[2:43] You shall observe the Contact Prayers (Salat) and give the obligatory charity (Zakat), and bow down with those who bow down.

[২:৪৩] তোমরা সংযোগ প্রার্থনার (সালাতের) লক্ষ্য রাখবে, এবং বাধ্যতামূলক (যাকাত) দান করবে, আর রুকু করবে তাদের সাথে যারা রুকু করে।

[2:44] Do you exhort the people to be righteous, while forgetting yourselves, though you read the scripture? Do you not understand?

[২:৪৪] তোমরা কি মানুষকে সৎপথাবলম্বী হতে উপদেশ কর , অথচ নিজের বেলায় তা ভুলে যাও, তোমরা আবার ধর্মগ্রন্থও পাঠ কর? তোমাদের কি বুঝে আসে না ?

[2:45] You shall seek help through steadfastness and the Contact Prayers (Salat). This is difficult indeed, but not so for the reverent,

[২:৪৫] তোমরা সংযোগ প্রার্থনার (সালাতের) মাধ্যমে দৃঢ়তা এবং সাহায্য প্রার্থনা করবে। এটি নিশ্চয় বড় কঠিন, কিন্তু এত বা না শ্রদ্ধাশীলদের জন্য,...

[2:46] who believe that they will meet their Lord; that to Him they ultimately return.

[২:৪৬] ...যারা বিশ্বাস রাখে যে তাদের পালনকর্তার সাথে তাদের সাক্ষাৎ হবে; আর অবশেষে তাঁরই কাছে যে তারা ফিরে যাবে।

[2:47] O Children of Israel, remember My favor which I bestowed upon you, and that I blessed you more than any other people.

[২:৪৭] হে ইজরেলের বংশধরগণ, আমার পরম অনুগ্রহ স্মরণ কর যা আমি তোমাদের প্রতি করেছিলাম, আর যে আমি অন্যান্য জাতির তুলনায় তোমাদের প্রতি বেশি অনুগ্রহ করেছিলাম।

[2:48] Beware of the day when no soul can avail another soul, no intercession will be accepted, no ransom can be paid, nor can anyone be helped.

[২:৪৮] সে দিন হতে সতর্ক হয়ে যাও যখন কোন আত্মা অন্য আত্মার কোন কাজে আসতে পারে না, না কোন সুপারিশ গৃহীত হতে পারে , না কোন মুক্তিপণ পরিশোধ করা যেতে পারে , আর না কেউ কোন সাহায্যওবা পেতে পারে।

[2:49] Recall that we saved you from Pharaoh's people who inflicted upon you the worst persecution, slaying your sons and sparing your daughters. That was an exacting test from your Lord.

[২:৪৯] স্মরণ কর যে আমরা তোমাদেরকে ফিরআউনের লোকদের কাছ থেকে রক্ষা করেছিলাম যারা তোমাদের উপর ভীষণ অত্যাচার করছিল, তোমাদের ছেলে-সন্তানদের হত্যা আর মেয়ে-সন্তানদের ছেড়ে দিচ্ছিল। তা ছিল তোমাদের পালনকর্তার পক্ষ থেকে এক বলপূর্বক আদায়কারী পরীক্ষা।

[2:50] Recall that we parted the sea for you; we saved you and drowned Pharaoh's people before your eyes.

[২:৫০] স্মরণ কর যে আমরা তোমাদের জন্য সাগরকে ভাগ করেছিলাম; তোমাদেরকে উদ্ধার করেছিলাম আর ফিরআউনের লোকদেরকে তোমাদের চোখের সামনে ডুবিয়েছিলাম।

[2:51] Yet, when we summoned Moses for forty nights, you worshiped the calf in his absence, and turned wicked.*

[২:৫১] তারপরও, যখন আমরা মূসাকে চল্লিশ রাতের জন্য তলব করলাম, তোমরা তার অনুপস্থিতে গো-ছানাকে পূজা করলে, আর হয়ে গেলে অসৎ অন্যায়াকারী।*

**2:51 This incident reflects the humans' idolatrous tendency. Despite the profound miracles, Moses' followers worshiped the calf in his absence, and Moses ended up with only two believers (5:23). As pointed out in the Introduction, the humans are rebels whose egos are their gods.*

**২:৫১ এই ঘটনাটিতে প্রতিফলিত হয় মানুষজাতির বহুখোদাবাদীত্বে র ঝোঁক। অগাধ অলৌকিক ঘটনা দেখা সত্ত্বেও, মূসার অনুসারীরা তার অনুপস্থিতে গো-ছানাকে পূজা করল, আর মূসা শেষমেষ কেবল দুইজন বিশ্বাসীই পেল (৫:২৩)। গ্রন্থের ভূমিকাতেই স্পষ্ট করে জানানো হয়েছে যে, মানুষ বড় বিদ্রোহী যাদের খোদা হচ্ছে তাদের স্বাতন্ত্র্যবোধ।*

[2:52] Still, we pardoned you thereafter that you may be appreciative.

[২:৫২] তবুও, আমরা তারপরে তোমাদের ক্ষমা করেছিলাম, যেন তোমরা কৃতজ্ঞ হও।

[2:53] Recall that we gave Moses scripture and the statute book, that you may be guided.

[২:৫৩] স্মরণ কর যে, আমরা মূসাকে ধর্মগ্রন্থ ও লিখিত আইনের বই দিয়েছিলাম, যাতে তোমরা সঠিক পথের নির্দেশ পেতে পার।